



বাংলাদেশ ব্যাংক
ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট
প্রধান কার্যালয়, ঢাকা।



‘বাংলাদেশ ব্যাংক রেমিট্যান্স অ্যাওয়ার্ড-২০২০’ এর মনোনয়নের জন্য
বিদেশে অবস্থিত অনিবাসী বাংলাদেশি মালিকানাধীন এক্সচেঞ্জ/রেমিট্যান্স
হাউজ হতে আবেদন আহ্বান।

বাংলাদেশের অর্থনীতিতে অনিবাসী বাংলাদেশি ও বৈদেশিক মুদ্রা প্রেরণকারী প্রতিষ্ঠানের অবদানের স্বীকৃতি প্রদান এবং বৈধ উপায়ে বিদেশ থেকে অর্থ প্রেরণকে উদ্বুদ্ধ করতে ব্যক্তিগত বিভিন্ন এক্সচেঞ্জ/রেমিট্যান্স হাউজকে ‘বাংলাদেশ ব্যাংক রেমিট্যান্স অ্যাওয়ার্ড-২০২০’ প্রদান করা হবে। এ লক্ষ্যে বিদেশে অবস্থিত অনিবাসী বাংলাদেশি মালিকানাধীন এক্সচেঞ্জ হাউজ/রেমিটার প্রতিষ্ঠানের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনিবাসী বাংলাদেশি নাগরিকগণের ৫০% এর অধিক মালিকানা রয়েছে এমন এক্সচেঞ্জ/রেমিট্যান্স হাউজও আবেদন করতে পারবে।

বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে (<https://www.bb.org.bd>) আবেদন ও তথ্য প্রদানের জন্য নির্দিষ্ট দু’টি ফরম (https://www.bb.org.bd/nrb/others/form1_2020.pdf) ও (https://www.bb.org.bd/nrb/others/form2_2020.pdf) আপলোড করা হয়েছে। বিদেশে অবস্থিত আগ্রহী অনিবাসী বাংলাদেশি মালিকানাধীন এক্সচেঞ্জ/রেমিট্যান্স হাউজকে নির্ধারিত ফরম যথাযথভাবে পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ (স্ক্যান কপি) আগামী ২২/০২/২০২১ তারিখের মধ্যে sh.chawdhury@bb.org.bd ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত কোনো আবেদনপত্র অ্যাওয়ার্ডের জন্য বিবেচিত হবে না। অ্যাওয়ার্ডের জন্য বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ব্যাংকিং ও আর্থিক সেবা পেতে হয়রানির শিকার হলে কিংবা
কোনো অভিযোগ থাকলে ১৬২৩৬ নম্বরে ফোন করুন।

(মোঃ রুহুল আমিন)
মহাব্যবস্থাপক

